

হাই স্কুলে ভর্তি বিষয়ক একটি অনুষ্ঠানে আসুন!

প্রিয় পরিবারবর্গ,

নিউ ইয়র্ক সিটিতে হাই স্কুলে ভর্তি বিষয়ক আমাদের আসন্ন ভার্চুয়াল তথ্য অধিবেশনগুলোর একটিতে যোগ দেয়ার জন্য আমরা আপনাদের আনন্দের সাথে আমন্ত্রণ জানাচ্ছি! অষ্টম গ্রেডের শিক্ষার্থী আছে এমন সকল NYC পরিবারকে উপস্থিত থাকার জন্য উৎসাহিত করা হচ্ছে। হাই স্কুলে ভর্তির প্রক্রিয়া শুরু হবে **মঙ্গলবার, 1 অক্টোবর, 2024-এ**।

এই অধিবেশনগুলোতে আপনারা জানবেন, কীভাবে হাই স্কুল খুঁজে নিতে এবং একটি ভারসাম্যপূর্ণ আবেদন তৈরি করতে হয়, কীভাবে স্পেশালাইজড হাই স্কুলস্ অ্যাডমিশন্স টেস্ট (SHSAT)-এর জন্য রেজিস্টার করতে, লাগোয়ার্ডিয়া হাই স্কুলসহ আর্টস্ প্রোগ্রামগুলোর জন্য কীভাবে অডিশন দিতে হয় এবং কীভাবে অফার প্রদান করা হয়। প্রতিটি উপস্থাপনার পর, আমরা আপনাদের প্রশ্নাবলীর জবাব দিবো।

সময়সূচিকৃত তারিখসমূহ:

- **সোমবার, 30 সেপ্টেম্বর (6pm-7pm) - পরীক্ষা গ্রহণকারী স্পেশালাইজড হাই স্কুলসমূহ:** স্পেশালাইজড হাই স্কুলস্ অ্যাডমিশন্স টেস্ট (SHSAT)-এর জন্য কীভাবে রেজিস্টার করতে হয় এবং এই স্কুলগুলোতে কীভাবে অফার প্রদান করা হয়। দোভাষী পরিষেবা লভ্য আছে এসব ভাষায়: বাংলা, চায়নিজ (ম্যান্ডারিন), স্প্যানিশ এবং আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ (ASL)।
- **মঙ্গলবার, 8 অক্টোবর (6pm-7pm) - হাই স্কুলে ভর্তি বিষয়ক সাধারণ অনুষ্ঠান:** কীভাবে আপনাদের মাইস্কুলস্ অ্যাকাউন্ট দেখতে হবে তা থেকে শুরু করে আপনাদের আবেদনপত্র পূরণ করার সেবা কৌশলসমূহ পর্যন্ত, ভর্তি প্রক্রিয়ার একটি উপরিচিত্র। দোভাষী পরিষেবা লভ্য আছে এসব ভাষায়: আরবি, হেশিয়ান ক্রিওল, রাশিয়ান, এবং ASL।
- **বৃহস্পতিবার, 10 অক্টোবর (5pm-6pm) - প্যারেন্ট ফোরাম:** আসুন একটি অধিক আলাপচারিতামূলক অধিবেশনের জন্য আমাদের সাথে যোগ দিন। আমরা হাই স্কুলে ভর্তিকে ঘিরে সুনির্দিষ্ট বিষয়বস্তু নিয়ে আলোচনা করবো, আমরা জানি যে সেগুলো সম্পর্কে আপনারা আরো জানতে চান।
- **বুধবার, 16 অক্টোবর (6pm-7pm) - প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীদের জন্য হাই স্কুলে ভর্তি বিষয়ক সাধারণ অনুষ্ঠান।** দোভাষী পরিষেবা লভ্য আছে এসব ভাষায়: চায়নিজ (ম্যান্ডারিন), স্প্যানিশ, এবং ASL।
- **বৃহস্পতিবার, 17 অক্টোবর (6pm-7pm) - পরীক্ষা গ্রহণকারী স্পেশালাইজড হাই স্কুলসমূহ।** দোভাষী পরিষেবা লভ্য আছে এসব ভাষায়: হেশিয়ান ক্রিওল, কোরিয়ান, রাশিয়ান, এবং ASL।
- **বুধবার, 23 অক্টোবর (6pm-7pm) - হাই স্কুলে ভর্তি বিষয়ক সাধারণ অনুষ্ঠান, স্প্যানিশ ভাষায়।**
- **বৃহস্পতিবার, 24 অক্টোবর (6pm-7pm) - হাই স্কুলে ভর্তি বিষয়ক সাধারণ অনুষ্ঠান, চায়নিজ (ম্যান্ডারিন) ভাষায়।**
- **বুধবার, 30 অক্টোবর (5pm-6pm) - হাই স্কুলে ভর্তি বিষয়ক সাধারণ অনুষ্ঠান।** দোভাষী পরিষেবা লভ্য আছে এসব ভাষায়: বাংলা, ফ্রেঞ্চ, উর্দু, এবং ASL।

কোনো অনুষ্ঠানে কীভাবে যোগ দেয়া যাবে:

- প্রত্যেক অনুষ্ঠানের শুরুতে <https://bit.ly/2024FallHSEvents>-এ ক্লিক করে জুম (Zoom)-এ আমাদের সাথে যোগ দিন।
 - ওয়েবিনার ID: 941 9185 4852
 - পাসকোড: 123456 অথবা
 - ফোনে অডিও-এর জন্য:
 - US +16465588656
 - কনফারেন্স লাইন: 94191854852#
 - পাসকোড 123456#

গুরুত্বপূর্ণ দ্রষ্টব্য: schools.nyc.gov/HS দেখুন এবং অনুষ্ঠানের আগে “Admissions Information Sessions” (ভর্তি সংক্রান্ত তথ্য অধিবেশনসমূহ) অংশে ক্লিক করুন যেখানে আপনি প্রতিটি ভাষায় দোভাষীর সেবার জন্য ফোন নম্বর পাবেন।

আমাদের অনুষ্ঠানসমূহে আপনারা যোগদান করবেন বলে আমরা প্রত্যাশা করছি এবং যোগাযোগ বজায় রাখতে আপনাদেরকে উৎসাহিত করছি: schools.nyc.gov/HS।

কোনো প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে HSEnrollment@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।

শুভেচ্ছান্তে,
হাই স্কুল অ্যাডমিশন্স টিম
অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট



এই ইমেইলটি কি আপনার কোনো বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? schools.nyc.gov/SignUp-এ আমাদের হাই স্কুল এবং/অথবা মিডল্ স্কুলে ভর্তির ডাক তালিকায় নাম লেখাতে বা সাইন আপ করতে নিশ্চিত হোন। আপনি হাই স্কুল এবং/অথবা মিডল্ স্কুলে ভর্তি বিষয়ে ভবিষ্যতে কোনও বার্তা না পেতে চাইলে, তথা আনসাবস্কাইব করতে, অনুগ্রহ করে [এখানে](#) ক্লিক করুন।